আজকের কাগজ

তারিখ 26 FEB 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

১৪

পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক

# ২০০০ সাল নাগাদ শতকরা ৯৫ জন ছেলেমেয়েকে প্রাথমিক স্কুলে ভর্তি করা সম্ভব হবে

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়-মন্ত্রী ব্যারিষ্টার আব্দুস সালাম তালুকদারের সভাপতিত্বে গতকাল সংসদ ভবনে পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির দ্বাদশ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে একাদশ বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত এবং শিক্ষাখাতের ওপর বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে জানানো হয় যে, ২০০০ সাল নাগাদ প্রাথমিক স্কুলে ৯৫% ছেলেমেয়েকে ভর্তি করা সম্ভব হবে এবং এই সময়ের মধ্যে শিক্ষার হার ৩১% থেকে ৬২% এ উন্নীত হবার সম্ভাবনা আছে।

মন্ত্রী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং গণশিক্ষা কর্মসূচির সফল বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি শিক্ষা হার বৃদ্ধির লক্ষ্য অর্জনে প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই, খাতা, পেন্সিল, ইউনিফর্ম, টিফিন ও শিক্ষার অন্যান্য উপকরণ সরবরাহের ওপরও জোর দিয়েছেন। খবর তথ্য বিবরণী।